

মার্ব আকাশে কার্গো উড়োজাহাজের ইঞ্জিনে আগুন

- A Monitor Desk Report

Date: 20 January, 2024



যুক্তরাষ্ট্রের মিয়ামির ঘটনা। সেখানে উড্ডয়নের পর মার্ব আকাশে অ্যাটলাস এয়ার বোয়িং ৭৮৭-৮ মডেলের একটি কার্গো উড়োজাহাজের ইঞ্জিনে আগুন লাগার ঘটনা ঘটেছে। এরপর উড়োজাহাজটিকে জরুরি অবতরণ করানো হয়।

জানা গেছে, উড়োজাহাজটিতে পাঁচজন ক্রু ছিলেন। দুর্ঘটনার পর তারা নিরাপদে উড়োজাহাজ থেকে নামেন। এ ঘটনায় কোনও আহত হওয়ারও খবর পাওয়া যায়নি।

দেশটির ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ) ও ন্যাশনাল ট্রান্সপোর্টেশন সেফটি বোর্ড এ ঘটনার তদন্ত করছে।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে (সাবেক টুইটার) ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায় উড্ডয়নের পর উড়োজাহাজটির বাম ইঞ্জিনে আগুন জ্বলছে।

এরপর সব ধরনের নিয়ম-নীতি মেনে উড়োজাহাজটিকে মিয়ামি আন্তর্জাতিক বিমানবন্দরে ফিরিয়ে আনা হয়। কোম্পানির পক্ষ থেকে জানানো হয়েছে, আগুন লাগার কারণ তদন্ত হচ্ছে।

-B